সচরাচর জিজ্ঞাস্য

■ *আমি কি হালাল খাবার পেতে পারি?*

হালাল খাদ্য যেকোনো হালাল খাবারের দোকান থেকে কেনা বা ডেলিভারি অর্ডার করা যেতে পারে। কিন্তু, কোন শিক্ষার্থী হোস্ট ফ্যামিলির কাছে হালাল খাদ্যের দাবি করতে পারবে না। শিক্ষার্থীরা নিজের টাকা দিয়ে হালাল খাবার কিনতে পারে এবং শিক্ষার্থীদের নিজের খাবার রান্না করতে ইচ্ছুক থাকতে হবে। হোস্ট ফ্যামিলিরা সব সময় শিক্ষার্থীদের জন্য হালাল খাদ্যের ব্যবস্থা নিশ্চিত করতে পারবে না।

■ *আমি কি মার্কিন যুক্তরাষ্ট্রের হাই স্কুল ডিপ্লোমা পেতে পারি?*

না, এই প্রোগ্রাম কোনো হাই স্কুল ডিপ্লোমা নিশ্চিত করে না। শিক্ষার্থীরা মার্কিন যুক্তরাষ্ট্রে ৯, ১০, ১১ বা ১২ শ্রেণিতে ভর্তি হবে। তাদের প্রাতিষ্ঠানিক ট্রান্সক্রিপ্ট এবং অন্যান্য কৃতিত্বের সার্টিফিকেটের সাথে তাদের কৃতিত্ব এবং প্রোগ্রামের বর্ণনা করে একটি চিঠি প্রদান করা হবে।

■ *আমি কি বাংলাদেশে এক শিক্ষাবর্ষ পিছিয়ে পড়বো?*

এ ব্যাপারে প্রতিষ্ঠান এবং শিক্ষার্থীর শিক্ষা কারিকুলাম ও মার্কিন যুক্তরাষ্ট্রের শিক্ষা শ্রেণীর উপর নির্ভর করে। বেশিরভাগ ক্ষেত্রেই উত্তরটি "না"। শিক্ষার্থীকে বাংলাদেশে একটি বছর পুনরায় করতে হতে পারে । এছাড়াও, দেশে ফেরার পর শিক্ষার্থীরা বাংলাদেশের শিক্ষা বোর্ডের "ইকুইভ্যালেন্স (সমমানতা) সার্টিফিকেট" (যদি শিক্ষার্থীর ক্ষেত্রে প্রযোজ্য হয়) এর জন্য আবেদন করে বিশ্ববিদ্যালয় বা অন্যান্য প্রতিষ্ঠানে ভর্তি হতে পারে।

■ *প্রোগ্রাম শেষ হওয়ার পর আমি কি মার্কিন যুক্তরাষ্ট্রে থাকতে পারবো?*

প্রোগ্রাম শেষ হওয়ার পর মার্কিন যুক্তরাষ্ট্রে থাকা শিক্ষার্থীদের পক্ষে অসম্ভব। এটি প্রোগ্রামের নিয়মাবলীর বিরুদ্ধে এবং এই নিয়ম ভঙ্গ করলে শিক্ষার্থী একজন ফেডারেল অপরাধী হিসেবে চিহ্নিত হবে। শিক্ষার্থী পুনরায় মার্কিন যুক্তরাষ্ট্রের ভিসা পাবে না।

■ *জে -১ এক্সচেঞ্জ ভিজিটর ভিসার জন্য কোন বিশেষ নিয়ম আছে?*

হ্যাঁ, শিক্ষার্থীরা জে -১ এক্সচেঞ্জ ভিজিটর ভিসা নিয়ে যুক্তরাষ্ট্রে যান। মার্কিন যুক্তরাষ্ট্রের অভিবাসন বা মার্কিন যুক্তরাষ্ট্রের কর্ম ভিসা গ্রহণ থেকে বিরত রাখতে প্রোগ্রাম শেষে দুই বছর শিক্ষার্থীদের দেশে থাকা বাধ্যতামূলক।

Be a **Cultural Ambassador**

Represent Bangladesh

Scan this to APPLY

Required Documents:
- ☑ 1 Passport-sized photo
- ☑ Birth certificate
- ☑ Marksheet of Current and past two years

APPLY NOW!
Deadline 24 November 2018
visit **www.iearnbd.org**

U.S. Embassy Website:
bd.usembassy.gov

YES Program Global Website:
www.yesprograms.org

Technology Partner:
Techynaf

International Education and Resource Network - Bangladesh (iEARN-BD)
(880)-1718-208-668 www.iearnbd.org yesinfo@iearnbd.org
Address: Kha44(3rd Floor), Shahjadpur, Gulshan, Dhaka-1212

কেনেডি-লুগার ইয়ুথ এক্সচেঞ্জ এন্ড স্টাডি

(কেএল-ইয়েস প্রোগ্রাম) 2020-2021 শিক্ষাবর্ষ

Kennedy-Lugar Youth Exchange and Study (YES) প্রোগ্রাম অক্টোবর ২০০২ সালে প্রতিষ্ঠিত হয়েছিলো এবং সেনেটর এডওয়ার্ড এম কেনেডি এবং সেনেটর রিচার্ড লুগারের নামে নামকরণ করা হয়েছিলো, আমেরিকানদের সাথে অন্যান্য দেশের তরুন শিক্ষার্থীদের মাঝে সেতু বন্ধন নির্মাণের দৃষ্টিভঙ্গি নিয়ে। প্রোগ্রামটির উদ্দেশ্য পারস্পরিক আগ্রহের ভিত্তিতে সবার সাথে সবার সংযোগ স্থাপন করা এবং ব্যক্তির জাতীয়তা বা জাতিগত উৎসের উপর ভিত্তি করে ভুল ধারণা বাদ দিয়ে স্বতন্ত্র ব্যক্তি হিসাবে একে অপরকে সম্মান করা। মার্কিন যুক্তরাষ্ট্রের স্টেট ডিপার্টমেন্ট দ্বারা অর্থায়ননকৃত Kennedy-Lugar Youth Exchange and Study (YES) প্রোগ্রামটি যুক্তরাষ্ট্রে এক একাডেমিক বছরের বৃত্তিতে থাকার এবং পড়াশোনা করার সুযোগ প্রদান করে থাকে। শিক্ষার্থীরা হোস্ট পরিবারের সাথে বসবাস করে, উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে পড়াশোনা করে, আমেরিকান সমাজ এবং মান সম্পর্কে জানতে পারে, নেতৃত্বের দক্ষতা অর্জন করে এবং আমেরিকানদের কাছে নিজ দেশকে তুলে ধরতে ও সংস্কৃতি বিনময় করতে সক্ষম হয়।

YES প্রোগ্রামের লক্ষ্য অংশগ্রহণকারী শিক্ষার্থী, তাদের শিক্ষক, সহপাঠী এবং জন প্রতিনিধিদের একটি প্রচেষ্টার সাথে একত্রিত হয়ে সংস্কৃতি বিনিময়ের মাধ্যমে সহনশীলতাকে বিনিময় করে। YES প্রোগ্রামটি এই অগ্রদূতদের নেতৃত্বের শিক্ষা, নাগরিক সমাজের নিয়ম-নীতি বিভিন্ন সম্প্রদায়কে একত্র হওয়ার সুযোগ করে দেয় এবং এর ফলে তারা তরুণদের চিন্তাধারা মূল্যায়ণ এবং অভিজ্ঞতা অর্জনের উৎসাহ দেয়।

a program of the U.S. Department of State

iEARN-BD

The Kennedy-Lugar Youth Exchange and Study Program *Academic Year 2020-2021*

12,000+ Successful Participants
40+ Countries Participating
399+ Bangladeshi Students

Live with an American Family
Study at an U.S. High School
Build and Grow Your Network
Represent Bangladesh

About the K-L YES Program

The Kennedy-Lugar Youth Exchange and Study (YES) program was established by the U.S. Congress in October 2002 - and is sponsored by the Bureau of Educational & Cultural Affairs (ECA) of the U.S. Department of State. It is a fully funded scholarship program for high school students from countries with significant Muslim populations to spend one academic year in the United States. Students live with host families, attend U.S. high schools, engage in activities to learn about American society and values, acquire leadership skills, and help educate Americans about their countries and cultures. The program is administered in Bangladesh by International Education and Resource Network – Bangladesh (iEARN-BD), with the support of U.S. Embassy, Dhaka.

Program Goals

The YES Program aims to engage participating youth, their teachers, classmates, and community leaders in an exchange effort that promotes increased understanding and tolerance between cultures. YES program encourages exchange of ideas, values, and experiences among young people by exposing these young scholars to leadership belief systems, civil society principles, and community service involvement.

অংশগ্রহণের যোগ্যতা

একজন আবেদনকারীর নিম্নলিখিত যোগ্যতাগুলো থাকতে হবে:

- বাংলাদেশী নাগরিক হতে হবে। যুক্তরাষ্ট্র বা অন্য কোন দেশের নাগরিকত্ব থাকলে প্রার্থী অযোগ্য বিবেচিত হবে।
- জন্ম তারিখ ১লা আগস্ট, 2003 থেকে ১লা আগস্ট, 2005 এর মধ্যে হতে হবে। ১লা আগস্ট, 2020 এর মধ্যে প্রার্থীর বয়স ১৫-১৭ বছর হতে হবে।
- বাংলাদেশী কোন শিক্ষা প্রতিষ্ঠানে ৮, ৯, ১০ বা ১১ শ্রেণীর শিক্ষার্থী হতে হবে। বিদেশে শিক্ষারত বাংলাদেশী নাগরিকদের আবেদন গ্রহণযোগ্য নয়।
- বর্তমান এবং পূর্ববর্তী দুই শিক্ষাবর্ষে সকল পরীক্ষার ফলাফলে কমপক্ষে 'বি' গ্রেড থাকতে হবে। তবে এরমধ্যে কোনো পরীক্ষায় অকৃতকার্য হলে প্রার্থীর আবেদন গ্রহণ করা হবে না।
- ইংরেজি ভাষায় স্বাচ্ছন্দে কথা বলা, লেখা এবং যোগাযোগ করার দক্ষতা প্রদর্শন করতে হবে।
- যুক্তরাষ্ট্রের আইন অনুযায়ী আমেরিকান ভিসা পাওয়ার যোগ্যতা থাকতে হবে।
- শিক্ষার্থীর নিজ পরিবার কিংবা আত্মীয়-স্বজনের মাধ্যমে যুক্তরাষ্ট্রে অভিবাসনের আবেদন করা হয়ে থাকলে তার আবেদনপত্র বাতিল হয়ে যাবে।
- যুক্তরাষ্ট্রে মোট ৯০ দিনের বেশি বসবাস বা ভ্রমণ করে এসেছে এমন আবেদনকারীকে অযোগ্য বিবেচনা করা হবে।

এছাড়াও আমেরিকান মেডিকাল টিম দ্বারা শিক্ষার্থীদের হেলথ রেকর্ড যাচাই করা হবে।

বাছাই প্রক্রিয়া

১ম ধাপ: প্রাথমিক আবেদন

যাচাই করে দেখুন যে প্রোগ্রামে আবেদনের পূর্বশর্তগুলি আপনার ক্ষেত্রে প্রযোজ্য কিনা। **www.iearnbd.org** এ আমাদের অনলাইন আবেদনের পাতাটিতে প্রবেশ করুন, এবং প্রদত্ত নির্দেশনাবলি অনুসরণ করুন। প্রাথমিক আবেদন সম্পন্ন করার চূড়ান্ত সময়সীমা হলো **23 b‡f¤i 2019**।

২য় ধাপ: ফোন ইন্টারভিউ

প্রাথমিক আবেদনের ফলাফলের পরে, সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রার্থীদের একটি ফোন ইন্টারভিউ-এর জন্য আমন্ত্রিত করা হবে।ইন্টারভিউ ৩ মিনিট দীর্ঘ হবে এবং ইন্টারভিউতে সাধারণ জ্ঞানের পরীক্ষা করা হবে। সাক্ষাৎকারের বিস্তারিত ফলাফল শুধুমাত্র সংক্ষিপ্ত তালিকাভুক্ত আবেদনকারীদের পাঠানো হবে।

৩য় ধাপ: ELTiS পরীক্ষা এবং ইন-ক্লাস প্রবন্ধ রচনা

ফোন ইন্টারভিউ থেকে বাছাইকৃত সীমিত সংখ্যক প্রার্থীবৃন্দ ELTiS পরীক্ষা এবং ইন-ক্লাস প্রবন্ধ রচনা তে অংশগ্রহণ করবে। ELTiS পরীক্ষা সম্পর্কে: ELTiS এর পূর্ণরূপ হলো English Language Test for International Students। এর দুটি অংশ রয়েছে: রিডিং (৪৫ মিনিট), এবং লিসেনিং (২৫ মিনিট) ইন-ক্লাস প্রবন্ধ-রচনা সম্বন্ধে: অংশ নেওয়া ছাত্র-ছাত্রীদের ৩টি প্রবন্ধ রচনা তৈরি করতে হবে। প্রতিটির জন্য সময় থাকবে ২০ মিনিট করে।

৪র্থ ধাপ: চূড়ান্ত আবেদন এবং ইন্টারভিউ

চূড়ান্ত আবেদন: ELTIS পরীক্ষা এবং ইন-ক্লাসের প্রবন্ধ রচনা পরীক্ষার সাফল্য অর্জনকারীরা চূড়ান্ত আবেদন জমা দেবে। সাফল্য অর্জনকারী শিক্ষার্থীদের চূড়ান্ত আবেদন প্রক্রিয়া সম্পর্কে জানানো হবে।

ইন্টারভিউ: শুধুমাত্র চূড়ান্ত আবেদনকারী শিক্ষার্থীরাই ইন্টারভিউতে অংশগ্রহণ করতে পারবে। ইন্টারভিউর দুটি অংশ আছে; একক এবং গ্রুপ ইন্টারভিউ।

নির্বাচন প্রক্রিয়া জানুয়ারী **2020** মধ্যে সম্পন্ন করা হবে।

ইন্টারভিউয়ের পরে (চতুর্থ ধাপ), Washington DC, USA থেকে চূড়ান্ত ও alternate- দের তালিকা ঘোষণা করা হবে। নির্বাচিত শিক্ষার্থীদেরকে অবহিত করা হবে এবং USA যাওয়ার আগে Pre-Departure Orientation (পিডিও) এ অংশগ্রহণ করতে হবে।

সচরাচর জিজ্ঞাস্য

প্রোগ্রামে অংশগ্রহন করতে কত খরচ পড়বে?

YES প্রোগ্রামের ব্যয়ভার অর্থাৎ বিমান ভাড়া, মার্কিন ভিসা ফি, যুক্তরাষ্ট্রে থাকা-খাওয়া, শিক্ষা প্রতিষ্ঠানের বেতন এবং মাসিক ১২৫ ডলারের হাত খরচ মার্কিন যুক্তরাষ্ট্র সরকারের স্বরাষ্ট্র বিভাগ বহন করে । অংশগ্রহণকারীকে কোন খরচ বহন করতে হবে না।

আবেদনকারীর বয়সসীমা কি উন্মুক্ত?

না, আবেদনকারীর বয়স ২০২০ সালের ১লা আগস্ট এ সর্বনিম্ন ১৫ এবং সর্বোচ্চ ১৭ বছর হতে পারবে।

আমি কি আবেদনের পর বাছাই পর্বের যেকোনো পর্যায়ে নিজের আবেদন বাতিল করতে পারবো?

হ্যাঁ, কিন্তু আমরা এইরকম পদক্ষেপ দৃঢ়ভাবে নিরুৎসাহিত করি, কেননা শুধুমাত্র খুবই সীমিত সংখ্যক আবেদনকারী চূড়ান্ত বাছাই পর্বে টিকবে, এবং বাছাই পর্ব অত্যন্ত ব্যয়বহুল। অতএব, প্রথম থেকেই প্রোগ্রামে অংশগ্রহণের ব্যাপারে দৃঢ় থাকতে হবে এবং পরিবারের পূর্ণ সম্মতি নিয়ে আবেদন করতে হবে।

শিক্ষার্থীরা মার্কিন যুক্তরাষ্ট্রে কোথায় বসবাস করবে?

প্রতিটি শিক্ষার্থী একটি আমেরিকান হোস্ট ফ্যামিলির সাথে বসবাস করবে। শিক্ষার্থীকে আমেরিকার যেকোন অঙ্গরাজ্যে বসবাস করতে হতে পারে, থাকার ব্যবস্থা আমেরিকান প্লেসমেন্ট সংস্থাসমূহ করে থাকে। এই সংস্থাগুলো মার্কিন যুক্তরাষ্ট্রের স্বরাষ্ট্র বিভাগের শিক্ষা ও সাংস্কৃতিক বিষয়ক (ঊঈঅ) ব্যুরো দ্বারা অনুমোদন প্রাপ্ত।

হোস্ট ফ্যামিলি কি?

হোস্ট ফ্যামিলি হচ্ছে সাধারন আমেরিকান পরিবার যারা এক শিক্ষা বর্ষের জন্য স্বেচ্ছাসেবক হয়ে শিক্ষার্থীদের নিজেদের পরিবারের সদস্য হিসেবে বাস করতে দেন। পরিবারগুলোকে প্লেসমেন্ট সংস্থা অনেক বিচার-বিবেচনার পর বাছাই করে। শিক্ষার্থীদের নিজ বাসায় স্থান দেয়ার জন্য পরিবারগুলি কোন প্রকার বৃত্তি কিংবা ভাতা পান না, কিন্তু তাঁরা শিক্ষার্থীদের কাছ থেকে তাদের সংস্কৃতি ও মূল্যবোধ সম্পর্কে ধারনা লাভ করেন। এটিই তাদের "হোস্টিং" এর জন্য অনুপ্রেরণা।

হোস্ট ফ্যামিলিগুলো কোথা থেকে আসে?

হোস্ট ফ্যামিলিগুলো যুক্তরাষ্ট্রের জনসংখ্যার মতই বৈচিত্রময়। তাদের যোগাযোগের জন্য ইংরেজি মূল ভাষা হওয়া সত্ত্বেও তাদের জাতিগত পটভূমি ভিন্ন। তাই শিক্ষার্থীদের যেকোনো সাংস্কৃতিক পটভূমি ও জাতিগত সম্প্রদায়ের পরিবারের সাথে থাকার জন্য মানসিকভাবে প্রস্তুত থাকতে হবে। এছাড়াও, আমেরিকান সম্প্রদায়ের বিভিন্ন ধর্মীয় পরিবার রয়েছে । একটি হোস্ট ফ্যামিলি যেকোনো বিশ্বাস বা ধর্মের হতে পারে। তবে, কমিউনিটি প্রতিনিধিরা নিশ্চিত করেন, যাতে বাংলাদেশী বালিকা শিক্ষার্থীদের প্লেসমেন্টের ক্ষেত্রে, ১৩ বা তার অধিক বয়সী বালকসহ হোস্ট ফ্যামিলিগুলো বিবেচিত না হয় । যেসব অনুশীলন বা চর্চায় শিক্ষার্থীদের অস্বস্তিকর জামাকাপড় পরতে হতে পারে, সেসব চর্চা থেকে তারা নিজ ইচ্ছায় বিরত থাকতে পারে।

হোস্ট ফ্যামিলি কিভাবে নির্বাচিত হয়?

প্লেসমেন্ট প্রতিষ্ঠানসমূহ শিক্ষার্থীদের সাধারণ আগ্রহের সাথে মিলিয়ে হোস্ট ফ্যামিলির নির্বাচন করে। হোস্ট ফ্যামিলিগুলো সমাজসেবা প্রতিষ্ঠান, চার্চ, অ্যাথলেটিক লীগ, যুব সংঘ, বিদেশী ভাষার ক্লাস, শপিং মল, কাউন্টি এবং প্রাদেশিক মেলা, বিজ্ঞাপন ইত্যাদির মাধ্যমে খোঁজা হয়। আইন প্রয়োগকারী কর্তৃপক্ষ প্রতিটি হোস্ট পরিবারের ক্রিমিনাল ব্যাক গ্রাউন্ড পরীক্ষা করে দেখে।

হোস্ট ফ্যামিলিতে আমার অবস্থান/ভূমিকা কী হবে?

YES প্রোগ্রামে মার্কিন যুক্তরাষ্ট্র থাকাকালীন সময়ে একটি শিক্ষার্থী বিভিন্ন ধরণের সম্পর্ক তৈরি করবে, যার মধ্যে এই প্রোগ্রামের জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ একটি সম্পর্ক হচ্ছে হোস্ট ফ্যামিলির সাথে শিক্ষার্থীর সম্পর্ক। সকল ণউঝ শিক্ষার্থীদের তাদের আমেরিকান পরিবারের সদস্য হওয়া এবং তাদের নতুন পরিবারের স্বতন্ত্র দায়িত্ব গ্রহণ করার ইচ্ছা থাকতে হবে। এই দায়িত্বগ্রহণের মধ্যে রয়েছে (নারী-পুরুষ উভয়ের ক্ষেত্রেই প্রযোজ্য) রান্না-বান্না, থালা-বাসন ধোয়া, লন্ড্রি, ঘর পরিষ্কার, এবং এর পাশাপাশি সেই বাড়ির পারিবারিক নিয়মগুলোও মেনে চলা। এমনকি যদি হোস্ট পরিবারের নিয়মগুলি নিজ পরিবারের নিয়মগুলো থেকে বেশ ভিন্নও হয়, তাও সেগুলো শ্রদ্ধা করতে হবে এবং মেনে চলতে হবে। যেহেতু মার্কিন যুক্তরাষ্ট্রে সাধারনত গৃহকাজের সাহায্যকারী নিয়োগ করা হয় না, সেহেতু সকল পরিবারের টুকিটাকি কাজ পরিবারের সদস্যরাই করে। অনুগ্রহপূর্বক মনে রাখা উচিৎ যে মার্কিন যুক্তরাষ্ট্রে পরিবার এবং সমাজ, পুরুষ ও মহিলাদের সমানভাবে দেখে; সেখানে সাংস্কৃতিক এবং পারিবারিক নিয়ম শেখা এবং সেগুলো দৈনিক মেনে চলা অত্যন্ত গুরুত্বপূর্ণ। শিক্ষার্থীদের নমনীয়তা, কৌশল্যতা, ভদ্রতা এবং পরিপক্কতা প্রদর্শন করতে হবে। যে শিক্ষার্থীরা তাদের আমেরিকান পরিবার থেকে অতিথিদের মত আপ্যায়ন আশা করবে, তাদের পক্ষে এই প্রোগ্রামে সফল হওয়া সম্ভব নয়।

আমি কি আমার আমেরিকান আত্মীয় ও বন্ধু-বান্ধবদের সাথে বাস করতে / দেখা করতে পারি?

না, শিক্ষার্থীর আমেরিকান আত্মীয় দ্বারা তাদের হোস্ট করার অনুমতি দেওয়া হয় না, এবং শিক্ষার্থীরা আত্মীয়দের সাথে থাকার দাবি করতে পারবে না। এমনকি, প্রোগ্রাম চলাকালীন এই ধরনের দেখা-সাক্ষাৎ, বিশেষত অ্যাডজাস্টমেন্ট সময়কালের মধ্যে নিরুৎসাহিত করা হয়, কারণ এটি হোস্ট ফ্যামিলির সাথে সম্পর্ক গড়তে তোলার ধারাবাহিকতায় বাধা দেয় এবং শিক্ষার্থী ও হোস্ট ফ্যামিলির মধ্যে এক্সচেইঞ্জ অভিজ্ঞতাকে বাধাগ্রস্থ করতে পারে। যেকোনো অননুমোদিত পরিদর্শন শিক্ষার্থীদের প্রোগ্রাম থেকে বরখাস্ত হওয়ার কারণ হতে পারে।

আপনারা কি একটি মুসলিম বা বাংলাদেশী পরিবারের সাথে বাস করা নিশ্চিত করতে পারবেন?

না, প্রোগ্রামটি ধর্মীয় এবং সাংস্কৃতিক সহাবস্থানের শিক্ষা দেয়ার লক্ষ্য রাখে। সুতরাং, শিক্ষার্থীরা একটি মুসলিম বা একই জাতিগত পরিবারে থাকার দাবি করতে পারবে না।

আমি কি মার্কিন যুক্তরাষ্ট্রে থাকাকালীন ধর্মীয় চর্চা, যেমন রোজা রাখতে বা প্রার্থনা করতে পারি?

হ্যাঁ, শিক্ষার্থীরা রমজান মাসে রোজা রাখতে এবং প্রোগ্রাম চলাকালীন তার ধর্মীয়চর্চা ও প্রার্থনা করতে পারবে। মার্কিন আইন ধর্মের স্বাধীনতা নিশ্চিত করে, এবং অতীতে আমেরিকান পরিবারগুলো শিক্ষার্থীদের নিজস্ব ধর্ম চর্চায় শিক্ষার্থীদের পূর্ণ সহযোগিতা করেছেন।

মার্কিন যুক্তরাষ্ট্রে থাকাকালীন সময় এবং সেখানকার স্কুলে আমি কি হিজাব পড়তে পারি?

হ্যাঁ, সকল বালিকা শিক্ষার্থীরা তাদের স্কুলে, পরিবারে, এবং যেকোনো স্থানে বা সময়ে তাদের হিজাব পরতে পারবে। অনেক আমেরিকান মুসলমানই তাদের বিশ্বাস অনুযায়ী হিজাব পরে থাকেন।